# জনগণের অধিকার আদায় করেই ঘরে ফিরব: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জনগণের অধিকার আদায়ের দাবিতে রাজপথে নেমেছেন এবং দাবি পূরণ না হওয়া পর্যন্ত ঘরে ফিরবেন না বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

শনিবার (৫ সেপ্টেম্বর) সকাল ৭টায় রাজধানীর শাপলা চত্বরে ১১ দলীয় ঐক্যের চট্টগ্রামমুখী লংমার্চের উদ্বোধনী সমাবেশে বক্তব্য দেওয়ার সময় তিনি এ কথা বলেন।

ডা. শফিকুর রহমান বলেন, দেশের মানুষ আর কোনো চাঁদাবাজকে মেনে নেবে না। চাঁদাবাজদের কর্মকাণ্ডে সাধারণ মানুষ অতিষ্ঠ হয়ে উঠেছে।

সাম্প্রতিক সময়ে গ্রেপ্তার হওয়া সিফাতের গালিগালাজকে সমর্থন করেন না জানিয়ে জামায়াত আমির বলেন, তবে যে কারণে সিফাত প্রতিবাদ করেছে এবং ক্ষোভ প্রকাশ করেছে, সেই সমস্যার সমাধান করতে হবে। তা না হলে দেশের ১৮ কোটি মানুষই একসময় সিফাতের মতো প্রতিবাদী হয়ে উঠবে বলে মন্তব্য করেন তিনি।

তিনি আরও বলেন, নিজেদের অধিকার আদায়ের ক্ষেত্রে দেশের মানুষ কোনো ছাড় দিতে প্রস্তুত নয়। লংমার্চে কোনো ধরনের বাধা দেওয়া হলেও তা উপেক্ষা করে কর্মসূচি এগিয়ে নেওয়া হবে।

জামায়াত আমির বলেন, “জনগণের অধিকার আদায়ে আমরা পথে নেমেছি। রাজপথ এবং সংসদ—দুই জায়গাতেই জনগণের অধিকার প্রতিষ্ঠার জন্য সমানভাবে লড়াই করে যাব।”

উদ্বোধনী সমাবেশ শেষে ১১ দলীয় ঐক্যের নেতাকর্মীদের বহর ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক ধরে চট্টগ্রামের লালদীঘির উদ্দেশে যাত্রা শুরু করে।